**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## নিউ ইয়র্ক স্টেটজুড়ে ভবিষ্যতের কর্মসংস্থান ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য গভর্নর হোকলের অর্থনৈতিক উদ্ভাবনমূলক পরিকল্পনা ঘোষণা

***টার্গেটকৃত বিনিয়োগ উচ্চ-সমৃদ্ধশীল শিল্পগুলো গড়ে তুলবে এবং স্টেটের সাপ্লাই চেইনকে শক্তিশালী করবে***

***এই পরিকল্পনা আরো বেশি সংখ্যক বিশ্ব-মানের কোম্পানিকে নিউ ইয়র্ক স্টেটে নিয়ে আসা এবং কর্মসংস্থান বৃদ্ধি ত্বরান্বিত করার জন্য পরিচায়ক ব্যবসায়িক আকর্ষণ কর্মসূচি সম্প্রসারণ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে টার্গেটকৃত বিনিয়োগ, ব্যবসায়িক সহায়তা, এবং উচ্চ-সমৃদ্ধশীল শিল্পগুলোকে লক্ষ্য করে গ্রহণ করা অন্যান্য কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে অর্থনৈতিক সুযোগ-সুবিধা ও উদ্ভাবন সম্প্রসারণ করার জন্য পরিকল্পনা ঘোষণা করেছেন। এই প্রস্তাবে, যেটিতে উচ্চ প্রযুক্তি, লাইফ সায়েন্স, এবং উন্নত উৎপাদনের মতো দ্রুত সমৃদ্ধশীল শিল্প খাতগুলোর প্রতি মনোযোগ দেওয়া হয়েছে, স্টেটের সাপ্লাই চেইনকে শক্তিশালী করার এবং ইতোমধ্যে সমৃদ্ধি নিয়ে আসতে সক্ষম বলে প্রমাণিত ব্যবসা আকৃষ্ট করার জন্য সুপ্রতিষ্ঠিত কর্মসূচি সম্প্রসারণ করার পদক্ষেপগুলো অন্তর্ভুক্ত রয়েছে। এসব সম্মিলিত প্রচেষ্টা নিউ ইয়র্কের উদ্ভাবনমূলক অর্থনীতিকে সমৃদ্ধ করবে এবং স্টেটজুড়ে ব্যবসা উন্নয়ন এবং কর্মসংস্থান তৈরিকে উৎসাহিত করবে।

"উদ্ভাবনের একটি হাব হিসেবে নিউ ইয়র্কের অবস্থান শুধু একটি ঐতিহ্যের চেয়েও বেশি কিছু, এটি একটি অধিকতর উজ্জ্বল এবং আরো বেশি সমৃদ্ধ ভবিষ্যতের দিকে আমাদের এগিয়ে যাওয়ার পথ তৈরি করছে," **বলেছেন গভর্নর হোকল।** "উচ্চ প্রযুক্তি, লাইফ সায়েন্স, এবং উন্নত প্রস্তুতকরণের মতো উচ্চ-সমৃদ্ধশীল শিল্পগুলোর প্রতি মনোযোগী হওয়ার মাধ্যমে, আমরা নতুন সুযোগ-সুবিধার দ্বার উন্মুক্ত করা অব্যাহত রাখবো, নিউ ইয়র্কের অর্থনীতিকে প্রযুক্তির রেখায় এক ধাপ এগিয়ে রাখবো এবং ভবিষ্যতের কর্মসংস্থান তৈরি করার ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থান ধরে রাখবো।"

নিউ ইয়র্ক ইতোমধ্যে ভবিষ্যতের কর্মসংস্থান তৈরি করার পথে নেতৃত্ব দিচ্ছে। 2010 সাল থেকে 2021 সালের মধ্যে, প্রযুক্তি খাতে 113,000 উচ্চ-বেতনের কর্মসংস্থান তৈরি হয়েছে, যার মধ্যে বৈজ্ঞানিক গবেষণা থেকে শুরু করে সফটওয়্যার ডেভেলপমেন্ট সহ সবকিছু অন্তর্ভুক্ত রয়েছে,

এবং 2021 সালে নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলো 53 বিলিয়ন ডলারের ভেঞ্চার ক্যাপিটাল সংগ্রহ করেছে। লাইফ সায়েন্স ভেঞ্চার ক্যাপিটালের জন্য অর্থায়নের দিক থেকে নিউ ইয়র্ক দেশের মধ্যে শীর্ষস্থানীয় একটি স্টেট হিসেবে অবস্থান করছে এবং 2017 সাল থেকে 580টিরও বেশি নতুন লাইফ সায়েন্স কোম্পানিকে স্বাগত জানিয়েছে, যেগুলো 9,700 নতুন কর্মসংস্থান যোগ করেছে। সেইসাথে, সেন্ট্রাল নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ খাতে মাইক্রনের (Micron) 100 বিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগ, যেটি 50,000টি পর্যন্ত নতুন কর্মসংস্থান তৈরি করবে, উন্নত উৎপাদন খাতের একটি হাব হিসেবে এই স্টেটের অবস্থান পুনরায় প্রতিষ্ঠিত করেছে। এসব খাত এবং অন্যান্য উচ্চ-সমৃদ্ধশীল খাতের অব্যাহত উন্নয়ন নিউ ইয়র্কের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার চাবিকাঠি।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে আমরা সবার জন্য কর্মসংস্থান তৈরি করতে এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধা প্রদান করতে নিউ ইয়র্কের শক্তি বৃদ্ধি করার মাধ্যমে স্টেটের অর্থনীতিকে সমৃদ্ধ করে তোলার জন্য একটি সামগ্রিক পদ্ধতি বাস্তবায়ন করছি। গভর্নর হোকলের বিচক্ষণ অর্থনৈতিক কৌশল উচ্চ সমৃদ্ধশীল খাতগুলোতে টার্গেট করা এবং স্থায়িত্ব উন্নত করার মাধ্যমে, এবং একইসাথে সব নিউ ইয়র্কবাসীর জীবনকে উন্নত করবে এবং আমাদের স্টেটের ভবিষ্যত সফলতা নিশ্চিত করবে এমন একটি অর্থনীতি তৈরি করার মাধ্যমে স্টেটের অর্থনীতিকে গড়ে তুলবে।"

**<u>প্রযুক্তি উদ্ভাবন মিলকরণ কর্মসূচি (Technology Innovation Matching Program)</u>**
গভর্নর হোকল একটি প্রযুক্তি উদ্ভাবন মিলকরণ কর্মসূচি প্রস্তাব করেছেন, যেটি ক্ষুদ্র ব্যবসার জন্য উদ্ভাবনমূলক গবেষণা (Small Business Innovation Research) এবং ক্ষুদ্র ব্যবসার জন্য প্রযুক্তি স্থানান্তর (Small Business Technology Transfer) কর্মসূচির জন্য আবেদনকারী নিউ ইয়র্কের কোম্পানিগুলোর ম্যাচিং অনুদান হিসেবে কয়েক মিলিয়ন ডলার প্রদান করবে, যে দুইটি কর্মসূচি "আমেরিকার সিড ফান্ড" নামে পরিচিতি দুইটি ফেডারেল কর্মসূচি যেগুলো ক্ষুদ্র ব্যবসাগুলোকে বাণিজ্যিকীকরণের সম্ভাবনা রয়েছে এমন গবেষণা ও উন্নয়নের কাজে সম্পৃক্ত হওয়ার জন্য প্রণোদনা প্রদান করে থাকে। বর্তমানে, দেশের মধ্যে অর্ধেকেরও বেশি স্টেটে তাদের SBIR/STTR আবেদনকারীদের জন্য একটি ম্যাচিং অনুদান কর্মসূচি রয়েছে। নিউ ইয়র্কে এমন কিছু নেই — যা নিউ ইয়র্ককে উদ্ভাবনমূলক বিনিয়োগ আকৃষ্ট করা ও তৈরি করার ক্ষেত্রে একটি অসুবিধাজনক অবস্থানে রাখে। এই ম্যাচিং বিনিয়োগ ক্ষুদ্র ব্যবসাগুলোকে সমৃদ্ধ হয়ে উঠতে সহায়তা করবে এবং নতুন বৈজ্ঞানিক উন্নয়নের অগ্রগতিতে সহায়তা করবে, এবং একইসাথে কর্মসংস্থান তৈরি করবে এবং এসব বিনিয়োগের ক্ষেত্রে অন্যান্য স্টেটের সঙ্গে নিউ ইয়র্কের প্রতিযোগিতামূলক অবস্থান অক্ষুন্ন রাখবে।

**<u>কোষ ও জিন থেরাপিতে বিনিয়োগ</u>**
দ্রুত-সমৃদ্ধশীল লাইফ সায়েন্স খাতে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থানকে আরো সামনে এগিয়ে নেওয়ার জন্য, গভর্নর হোকল দুইটি কোষ ও জিন থেরাপি সেন্টার (CGT) তৈরির প্রস্তাব দিয়েছেন - একটি আপস্টেটে এবং একটি ডাউনস্টেটে। CGT রোগের জন্য দায়ী কোষগুলোকে সারিয়ে তোলা অথবা টিউমারের কোষগুলোকে মেরে ফেলার জন্য রিপ্রোগ্রামড পেশেন্ট সেল প্রস্তুত করার মাধ্যমে ক্যান্সারের মতো রোগগুলোর চিকিৎসা করে। 2021 সালে সব বেসরকারি

বিনিয়োগের এক তৃতীয়াংশ CGT-এর জন্য হওয়ায়, নিউ ইয়র্ক লাইফ সায়েন্স শিল্পের এই নতুন, উচ্চ-সমৃদ্ধশীল উপ-খাতের উন্নয়নে সাহায্য করার মতো অনন্য অবস্থানে রয়েছে। এই আপস্টেট হাব কোষ ও জিন থেরাপির গবেষণা ও উন্নয়ন কাজ পরিচালনা করে এমন বিদ্যমান প্রতিষ্ঠানগুলোকে কাজে লাগাবে এবং ডাউনস্টেট সেন্টারটি রোগীদের বৃহৎ জনগোষ্ঠীর জন্য CGT-এর সরাসরি অ্যাক্সেস প্রদান করবে। প্রতিটি সেন্টার সর্বাধুনিক ক্লিনিক্যাল গবেষণায় সম্পৃক্ত হওয়ার পাশাপাশি অত্যন্ত গুরুত্বপূর্ণ CGT অবকাঠামো, প্রযুক্তি, ও পরিষেবাসমূহের ঠিকানা হিসেবে কাজ করবে।

**নিউ ইয়র্কের সাপ্লাই চেইনকে শক্তিশালী করা**

সম্প্রতি বৈশ্বিক অর্থনৈতিক বাজারে দেখা দেওয়া সরবরাহ সংকটের পরিপ্রেক্ষিতে, স্টেটের সাপ্লাই চেইনকে নিরাপদ রাখা শুধু নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার জন্যেই নয়, বরং আমাদের অর্থনীতিতে বিঘ্ন তৈরি হওয়া এড়ানোর জন্যেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর হোকল অপরিহার্য রসদগুলো সরবরাহ করা শিল্পগুলোকে নিউ ইয়র্কে উৎপাদনের জন্য আকৃষ্ট করা ও সহায়তা করার মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ পণ্যগুলোর জন্য স্বতঃস্ফূর্তভাবে সাপ্লাই চেইন নিরাপদ রাখার জন্য একটি নতুন মেড ইন নিউ ইয়র্ক (Made in New York) উদ্যোগ ঘোষণা করেছেন। স্টেট সংস্থাগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ পণ্যগুলো সরবরাহ করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক নিরাপত্তা ও সমৃদ্ধিকে বৃদ্ধি করবে এমন গুরুত্বপূর্ণ শিল্পগুলোকে আকৃষ্ট করার উদ্দেশ্যে শনাক্ত করার জন্য সহযোগী হয়ে কাজ করবে। এরপর ESD সেসব শিল্পখাতের সঙ্গে কাজ করবে এবং নিউ ইয়র্কে স্থানান্তর হওয়ার জন্য প্রণোদনা অফার করবে।

**পরিচায়ক ব্যবসায়িক আকর্ষণ কর্মসূচিসমূহ সম্প্রসারণ**

গভর্নর হোকল উদ্ভাবনমূলক বিনিয়োগের জন্য প্রণোদনা প্রদান করতে এবং ভবিষ্যতের কর্মসংস্থান ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা অব্যাহত রাখতে ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করার জন্য বিদ্যমান কর্মসূচিগুলোকে উন্নত ও সম্প্রসারণ করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে নির্দেশ প্রদান করছেন।

*উন্নত এক্সেলসিয়র কর্মসংস্থান কর্মসূচি*

এক্সেলসিয়র কর্মসংস্থান কর্মসূচি নিউ ইয়র্ক স্টেট স্থানান্তর হতে যাচ্ছে অথবা বেড়ে উঠছে এমন টার্গেটকৃত শিল্পের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে কর্মসংস্থান তৈরি, বিনিয়োগ, এবং গবেষণা-ও-উন্নয়ন প্রকল্পগুলোর জন্য পারফর্ম্যান্স-ভিত্তিক কর ক্রেডিট প্রদান করছে। এই সফল কর্মসূচির সঙ্গে সংযোজনের জন্য, সুবিধাবঞ্চিত কমিউনিটি ও জনগোষ্ঠীগুলোকে সহায়তা করা এবং সবুজ অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়া, ইত্যাদির মতো স্টেটের বাড়তি অতি গুরুত্বপূর্ণ অগ্রাধিকারগুলোর ক্ষেত্রে সহায়তা করার জন্য গভর্নর হোকল এক্সেলসিয়রকে ত্বরান্বিত করবেন।

এক্সেলসিয়রের মাধ্যমে LEED সিলভার সার্টিফিকেশন বা উচ্চতর সনদ রয়েছে অথবা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে অবস্থিত প্রকল্পগুলোকে বাড়তি সহায়তা প্রদান করা হবে। এসব পরিবর্তন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করা এবং কর্মসংস্থান তৈরি করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টাসমূহ সমৃদ্ধ ও সম্প্রসারণ করবে, এবং একইসাথে স্থায়িত্বের প্রসার ঘটাবে

এবং নিউ ইয়র্ককে বসবাস ও কাজ করার জন্য আরো বেশি উপযুক্ত একটি স্থানে পরিণত করবে। এক্সেলসিয়র সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বিনিয়োগ তৈরি করা এবং স্থায়িত্ব নিয়ে আসার সাথে সংশ্লিষ্ট স্টেটের অগ্রাধিকারগুলোকে আরো ভালোভাবে প্রতিফলিত করবে।

*বর্ধিত সমৃদ্ধি ও উদ্ভাবনের ক্যাম্পাস (Extended Prosperity and Innovation Campuses, EPIC)*

ESD নতুন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর বেড়ে উঠায় সহায়তা করতে এবং বেসরকারি খাত এবং স্টেটের নেতৃস্থানীয় শিক্ষা কেন্দ্রগুলোর মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলতে সাহায্য করার জন্য, সম্প্রসারিত সমৃদ্ধি ও উদ্ভাবনের ক্যাম্পাস (EPIC) উদ্যোগ চালু করবে। প্রযুক্তির সাথে সম্পর্কিত উদ্ভাবনগুলো স্টেটের সমৃদ্ধির জন্য শক্তিশালী চালিকাশক্তি হিসেবে কাজ করে আসছে, যা কয়েক মিলিয়ন ডলারের বিনিয়োগ এবং উচ্চ-বেতনের কর্মসংস্থান তৈরির দিকে নিয়ে যাবে। গভর্নর হোকল জানেন যে আমাদের বিদ্যমান উদ্ভাবনমূলক চালিকা শক্তিগুলোর জন্য বাড়তি সহায়তা প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক নতুন প্রযুক্তির বিকাশ ঘটানো এবং নজিরবিহীন অর্থনৈতিক প্রবৃদ্ধির সুফল ভোগ করার ক্ষেত্রে দেশের নেতৃত্ব দিতে সক্ষম হবে।

EPIC স্টার্ট-আপ NY (START-UP NY) কর্মসূচিকে প্রতিস্থাপন করছে, যেটি নিজের নকশার গণ্ডিতে আটকে ছিল। মূলত, EPIC: আবশ্যিকতা, সুফল, ও উপযুক্ততার শর্তের দিক থেকে আপস্টেট ও ডাউনস্টেটে একই থাকবে; আরো বিস্তৃত পরিসরের উদ্ভাবনমূলক ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করবে; প্রতিবন্ধকতাগুলো অপসারণের জন্য মূল ধারায় নিয়ে আসা হবে; এবং স্টেটের মধ্যে ক্রমবর্ধনশীল উদ্ভাবন খাত এবং কর্মসংস্থান তৈরির জন্য নিবেদিত স্থানের পরিমাণ বৃদ্ধি করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418